গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

“নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলার ডিংগাপোতা হাওরের অভ্যন্তরে খাল পুনঃখনন ও ফসল পরিবহন ব্যবস্থার উন্নয়ন” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০২-১১-২০২১।
সভার সময়	বেলা ১:১০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৯৫৪.৫৩ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি, ২০২০ হতে জুন, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪৭% এবং আর্থিক অগ্রগতি ৩৭.০৮%।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

(ক)	প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের আওতাধীন ১৪টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের দরপত্র আহবান পূর্বক ১১টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। বাকী ০৩টি প্যাকেজের মধ্যে ১টি অফিস ভবন মেরামত, ১টি স্থায়ী নাম ফলক নির্মাণ ও ১টি বনায়ন কাজ। প্যাকেজসমূহের কাজের অগ্রগতি সন্তোষজনক এবং সার্বিক অগ্রগতি ৪৭%। উক্ত প্রকল্পের প্যাকেজ নম্বর-৪ এর অধীন নলভাঙ্গা খাল সরেজমিনে বাস্তাবায়ন করার সময় দেখা যায়, সি এস মৌজা ম্যাপ অনুযায়ী প্রস্থ মাত্র ২.৫ মিটার এবং দৈর্ঘ্য ০.৫০ কিঃমিঃ। অনুমোদিত ডিজাইন অনুযায়ী নলভাঙ্গা খালের বেডের প্রশস্থতা ৮.০০ মিটার, দৈর্ঘ্য ২.৬০০ কিঃমিঃ। অনুমোদিত ডিজাইন অনুযায়ী নলভাঙ্গা খাল করতে হলে জনসাধারণের জমির উপর দিয়ে যায় বিধায় স্থানীয় জনসাধারণ বাঁধার সৃষ্টি করছে। স্থানীয় জনসাধারণের বাঁধার কারণে খালটি খনন করা যাচ্ছে না। প্যাকেজ নম্বর-৪ এর অধীন নলভাঙ্গা খালের পরিবর্তে ডিংগাপোতা হাওরের দত্তখিলা খাল অন্তর্ভুক্ত করে ভেরিয়েশনের মাধ্যমে বাস্তাবায়ন করা যেতে পারে। তিনি আরোও জানান, খালগুলো দীর্ঘ দিন ভরাট থাকায় স্থানীয় জনগণ আড়াআড়ী বাঁধ দিয়ে রাস্তা তৈরি করেছে। প্রকল্পের কাজের এই বাঁধ অপসারণ করতে গেলে স্থানীয় জনগণের বাঁধার সম্মুখীন হতে হয়েছে। স্থানীয় জনগণ পারাপারের জন্য বীজ/কালভার্ট নির্মাণের দাবী জানান। গত ২১/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হয়েছে।	১। প্যাকেজ নম্বর-৪ এর অধীন নলভাঙ্গা খালের পরিবর্তে ডিংগাপোতা হাওরের দত্তখিলা খাল অন্তর্ভুক্ত করে Variation এর মাধ্যমে অবশিষ্ট কাজ সম্পাদন করতে হবে। ২। প্রকল্পের অন্তর্ভুক্ত খালের উপর ব্রীজ/ কালভার্ট নির্মাণের বিষয়ে সমীক্ষা কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা নিতে হবে।	প্রকল্প অধিশাখা, পাসম ও বাপাউবে

(খ)	প্রকল্প পরিচালক সভাকে আরোও জানান, প্রকল্পে প্রায় ৫৮৬.০০ লক্ষ টাকা সাশ্রয় হতে পারে। বদরখালী জলটুনাই খাল, বেলদরিয়ার খাল সমূহ প্রায় ভরাট হয়ে পড়েছে। যার ফলে হাওরের ৭০০.০০ হেক্টর জমির নিস্কাশনের সমস্যা হচ্ছে বিধায় ঐ সকল জমিতে ফসল রোপণ করতে বিলম্ব হয় এবং ফসল ওঠার পূর্বেই বন্যার কবলে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। উক্ত খালসমূহ প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা খনন করা হলে প্রকল্পের উদ্দেশ্য সাধন সম্প্রসারিত হবে। প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা খাল গুলো খননের জন্য সমীক্ষা সম্পাদন কমিটির প্রতিবেদনের আলোকে প্রকল্পটি সংশোধন করা যেতে পারে।	সমীক্ষা সম্পাদন কমিটির প্রতিবেদনের আলোকে প্রকল্পটির সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা অধিশাখা, পাসম ও বাপাউবে

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০১২.২০.৪০২

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮
০৯ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৬) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৯) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২০) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২৩) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলার ডিংগাপোতা হাওরের অভ্যন্তরে খাল পুন:খনন ও ফসল পরিবহন ব্যবস্থার উন্নয়ন” শীর্ষক প্রকল্প, নেত্রকোণা পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
২৪) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব